DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:45 PM

প্রবাস

# মালয়েশিয়ায় ৩৬৪ বাংলাদেশিসহ ৪৭২ বিদেশি আটক

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৩ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৫৮ PM



মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরের প্রবাসী অধ্যুষিত বাণিজ্যিক এলাকা কোতারায়ায় যৌথ বাহিনীর অভিযানে ৩৬৪ বাংলাদেশিসহ ৪৭২ বিদেশি নাগরিককে আটক করা হয়েছে। রবিবার বেলা ১১টা থেকে এ অভিযান শুরু হয়।

কুয়ালালামপুর অভিবাসন বিভাগ সূত্রে জানা গেছে, অভিযানে প্রায় ২ হাজার ৫০০ বিদেশি নাগরিকের নথিপত্র পরীক্ষা করা হয়। বেআইনিভাবে ব্যবসা পরিচালনা, অনাকাঙ্ক্ষিত জনসমাগম এবং বৈধ নথিপত্র না থাকার মতো বিষয় খতিয়ে দেখতে এ অভিযান চালানো হয়।

অভিবাসন বিভাগ, কুয়ালালামপুর সিটি করপোরেশন (ডিবিকেএল), ফায়ার সার্ভিস, জাতীয় নিবন্ধন বিভাগ ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের সমন্বয়ে ৩৩৭ সদস্যের একটি দল অভিযানে অংশ নেয়।

কুয়ালালামপুর অভিবাসন বিভাগের পরিচালক হামশাহ ইনজাউ জানান, যাচাই-বাছাই শেষে ৪৭২ জনকে আটক করা হয়েছে। তাঁদের বয়স ১৮ থেকে ৬২ বছর। আটক ব্যক্তিদের মধ্যে ৪৩৯ জন পুরুষ ও ৩৩ জন নারী।

আটক ব্যক্তিদের মধ্যে ৩৬৪ জন বাংলাদেশি। এ ছাড়া মিয়ানমারের ৫৭ জন, ফিলিপাইনের ৯ জন, নেপাল, ইন্দোনেশিয়া ও পাকিস্তানের ৭ জন করে, ভারতের ৬ জন এবং চীনের ৩ জন নাগরিক রয়েছেন। জিম্বাবুয়ে ও সৌদি আরবের একজন করে নাগরিকও আটক হয়েছেন।

মাঠপর্যায়ের তদন্তে দেখা গেছে, পরীক্ষাকৃত অধিকাংশ বিদেশির বৈধ কাগজপত্র ছিল। তবে নির্দিষ্ট কিছু আইন ও শর্ত লঙ্ঘনের অভিযোগে তাঁদের সাময়িকভাবে আটক করা হয়েছে।

বিশেষ করে বৈধ অনুমতি ছাড়া ব্যবসা পরিচালনার অভিযোগে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ডিবিকেএল পৃথক আইনি ব্যবস্থা নেবে।

প্রাথমিক প্রক্রিয়া শেষে আটক ব্যক্তিদের পরবর্তী আইনি ব্যবস্থা ও অধিকতর তদন্তের জন্য বুকিত জলিল ইমিগ্রেশন ডিপোতে নেওয়া হয়েছে।

এদিকে অনিয়মিতভাবে মালয়েশিয়ায় বসবাসকারী বিদেশিদের সতর্ক করেছেন হামশাহ ইনজাউ। তিনি বলেন, অবৈধভাবে বসবাসকারী বিদেশি এবং তাদের আশ্রয়দাতাদের বিরুদ্ধে সরকারের কঠোর অবস্থান অব্যাহত থাকবে।

মালয়েশিয়ায় অবস্থানরত অবৈধ প্রবাসীদের দেশটির মাইগ্র্যান্ট রিপ্যাট্রিয়েশন প্রোগ্রাম (পিআরএম)এর সুযোগ নিয়ে দ্রুত নিজ নিজ দেশে ফিরে যাওয়ার আহ্বানও জানিয়েছেন তিনি।

---

## এ বিভাগের আরও খবর



**ভাড়াটিয়ার সঙ্গে বারবিকিউ নিয়ে বিরোধ, কানাডায় ভারতীয় বংশোদ্ভূত নারী গ্রেপ্তার**

কানাডার সারেতে ভাড়াটিয়ার সঙ্গে বারবিকিউ নিয়ে বিরোধের জেরে ভারতীয় বংশোদ্ভূত এক নারী গ্রেপ্তার হয়েছেন। একের পর এক সংঘর্ষের ভিডিও সামাজিক যোগায...



**বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান**

বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান। এর মধ্যে ৫ হাজার কৃষি শ্রমিক এবং ৫ হাজার নেওয়া হবে মৎস্য শ্রমিক হিসেবে। এ বিষয়ে দুই দেশের মধ্যে এক...



### সৌদিতে সোফা কারখানায় আগুনে নিহত ৯ জনের মরদেহ দেশে আসছে বিকেলে

সৌদি আরবের রিয়াদে অগ্নিকাণ্ডে নিহত ১৬ বাংলাদেশির মধ্যে শনাক্ত হওয়া ৯ জনের মরদেহ আজ দেশে আসছে। তাদের মধ্যে সাতজনের বাড়ি নওগাঁর আত্রাই উপজেলায়...



### প্রথম বছরে বিনা খরচে মালয়েশিয়া যাবেন ১০ হাজার কর্মী

দীর্ঘদিন বন্ধ থাকার পর অবশেষে শর্তসাপেক্ষে ও স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় উন্মুক্ত হচ্ছে। প্রধানমন্ত্রী তারেক র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/probash/malyeshiyay-364-bangladeshish-472-bideshi-atk